

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
বরিশাল বিভাগ
ক্লাব রোড, বরিশাল।

ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা বরিশাল সিটি কর্পোরেশন এলাকার সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় জরুরী ভিত্তিতে কিছু সংখ্যক ওএমএস ডিলার নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২০/০৪/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

ডিলার নিয়োগের যোগ্যতাঃ

- (ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে এবং আবেদনকারীর বয়স সর্বনিম্ন ১৮ (আঠারো) বছর হতে হবে।
- (খ) দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং কমপক্ষে ৪.০০০ (চার) মে.টন খাদ্যশস্য নিরাপদ সংরক্ষনের উপযোগী হতে হবে।
- (গ) আবেদনকারীকে খাদ্যশস্য লাইসেন্সধারী হতে হবে।
- (ঘ) আবেদনকারীকে বরিশাল সিটি কর্পোরেশনের ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
- (ঙ) ডিলারকে আর্থিক দিক দিয়ে স্বচ্ছল ও মালামাল হিসাব সংরক্ষনে সক্ষম হতে হবে।
- (চ) খাদ্য মন্ত্রণালয়ের কোন ডিলার/মিলার/ ঠিকাদারি কাজে পূর্বে শান্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত, বাতিলকৃত কোন ব্যক্তি অথবা খাদ্য মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহণ ঠিকাদার/ শ্রম ঠিকাদার/ মিলার/ ডিলার হিসেবে কর্মরত কোন ব্যক্তি/তীর উপর নির্ভরশীল কেউ ডিলার হিসেবে আবেদন করতে পারবেন না।
- (ছ) ডিলারকে খাদ্য বিভাগের প্রয়োজন অনুযায়ী খোলা জায়গায়/ট্রাকে/অস্থায়ী কাঠামো তৈরি করে খাদ্যশস্য বিক্রয়ে সম্মত থাকতে হবে।
- (জ) কমিটি কর্তৃক নির্বাচিত ডিলারের নিকট থেকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকার ফেরৎযোগ্য জামানত (পে-অর্ডার আকারে) এবং ৩০০/- (তিনশত) টাকা নন জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবেঃ

- (ক) পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবি
- (খ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি
- (গ) আর্থিক স্বচ্ছলতার সনদপত্র
- (ঘ) দোকানের মালিকানা দলিল/চুক্তিপত্রের সত্যায়িত কপি
- (ঙ) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি
- (চ) খাদ্যশস্য লাইসেন্সের কপি।

স্বাক্ষর

(মোঃ জাহাঙ্গীর আলম)
আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল
ও
সদস্য সচিব
মহানগর/বিভাগীয় ওএমএস কমিটি।

তারিখঃ ১২/০৪/২০২২ খ্রিঃ

স্মারক নং- ১৩.০১.০০০০.০০০.৫৭.০০১.১২. ৪২ (৭)

অনুলিপিঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল-

১. মাননীয় মেয়র, বরিশাল সিটি কর্পোরেশন, বরিশাল।
২. বিভাগীয় কমিশনার, সভাপতি, বিভাগীয় ওএমএস কমিটি।
৩. জেলা প্রশাসক, বরিশাল।
৪. জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল ও সদস্য, বিভাগীয় ওএমএস কমিটি।
৫. জনাব মোঃ লোকমান, উচ্চমান সহকারী, অত্র দপ্তর। বিজ্ঞপ্তিটি অত্র দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬. নোটিশ বোর্ড, অত্র দপ্তর।
৭. দপ্তর কপি।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক
বরিশাল বিভাগ, বরিশাল।

স্বাক্ষর